আলমডাঙ্গায় প্রেমিকের বিয়ের প্রতিশ্রুতিতে স্বামীকে ডিভোর্স, বিপাকে প্রেমিকা

প্রেমিকের বিয়ের প্রতিশ্রুতিতে স্বামীকে ডিভোর্স দিয়ে বিপাকে পড়েছে গৃহবধূ দোলন চাঁপা। ঘটনাটি আলমডাঙ্গা উপজেলার কুমারী ইউনিয়নের শ্যামপুর গ্রামে ঘটেছে।

এ ঘটনায় প্রেমিক জাহিদুল ইসলাম পলাতক রয়েছে। স্থানীয় মন্ডলদের দফায় দফায় আপোষ মিমাংসের চেষ্টা চালালেও তা ব্যর্থতায় রূপ নেয়। এ ঘটনায় আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ করেছে প্রেমিকা দোলন চাঁপা।

অভিযোগ সূত্রে জানাযায়, আলমডাঙ্গা উপজেলার কুমারী ইউনিয়নের শ্যামপুর গ্রামের জিয়াউর রহমানের মেয়ে দোলন চাঁপা (২২)। গত ৮ বছর পূর্বে নওগাঁ জেলার আত্রায় থানার মতিউর রহমানের সাথে পারিবারিক ভাবে বিবাহ হয়। তাদের দাম্পত্য জীবনে ৪ বছরের একটি কণ্যা রয়েছে।

দোলন চাঁপা স্কুলে লেখাপড়া চলাকালীন সময় শ্যামপুর গ্রামের প্রবাসী আসলামের ছেলে জাহিদুল তাকে বিভিন্ন ভাবে উত্যক্ত করতো।

তাকে বিবাহ না করায় বিবাহের পরেও সে ফোনে বিভিন্ন ভাবে বিরক্ত করতো। গত ৭ মাস পূর্বে দোলন চাঁপা স্বামীর সংসার থেকে বাধ্যতা মূলক তার বাবা মার বাড়িতে আসতে বাধ্য করে জাহিদুল। গোপনে বিভিন্ন সময় রাতে বিয়ের প্রতিশ্রুতি দিয়ে তার নিজ বাড়িতে রাতের আধারে দৈহিক সম্পর্কে জড়িয়ে পড়ে।

পরবর্তীতে গত (১২ অক্টোবর) জাহিদুল বিবাহ করবে এমন সিদ্ধান্তে দোলন চাঁপা তার স্বামী মতিউর রহমানকে ডিভোর্স দেয়। এরপর থেকে প্রেমিক জাহিদুল যোগাযোগ বিচ্ছিন্ন করে দেয়।

গত বৃহস্পতিবার বিয়ের দাবিতে প্রেমিক জাহিদুলের বাড়িতে বিয়ের দাবিতে অনশন করে প্রেমিকা দোলন চাঁপা। স্থানীয় মন্ডলদের শুরু হয় নাটকীয় আপোশ মিমাংসের খেলা। তাদের নিকট সুরাহ না পেয়ে আলমডাঙ্গা থানায় লিখিত অভিযোগ করেছে প্রেমিকা দোলন চাঁপা।

চুয়াডাঙ্গায় বেশি দামে চিনি বিক্রয় লাখ টাকা জরিমানা

চুয়াডাঙ্গার সরোজগঞ্জে বেশি দামে চিনি বিক্রি, মেয়াদোত্তীর্ণ মালামাল মজুদ ও মূল্য তালিকা প্রদর্শন না করায় এক লাখ টাকা জরিমানা করা হয়েছে।

আজ রবিবার দুপুরে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর সরোজগঞ্জ বাজারের মেসার্স আসাদুল স্টোর নামের একটি প্রতিষ্ঠানে অভিযান চালিয়ে এ জরিমানা করে।

জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ জানান, চিনিসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য নিয়ন্ত্রণে সরোজগঞ্জ বাজারের বেশ কিছু প্রতিষ্ঠানে তদারকি করা হয়। এ সময় মেসার্স আশাদুল স্টোরে ২৩ দিন আগের ৭৮ টাকা কেজি দরে কেনা চিনি ১০০ টাকা দরে বিক্রির প্রমাণ পাওয়া যায়। যা সরকার নির্ধারিত মূল্যের চেয়ে বেশি। এছাড়া প্রতিষ্ঠানটি থেকে বিক্রির উদ্দেশ্য সংরক্ষিত প্রচুর মেয়াদোত্তীর্ণ পণ্য জব্দ করা হয়। নিত্যদিনের মূল্য তালিকাও প্রদর্শন করা হয়নি।

এসব অপরাধে প্রতিষ্ঠানটিকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯-এর ৩৮, ৪০ ও ৫১ ধারায় এক লাখ টাকা জরিমানা করা হয়।

চুয়াডাঙ্গায় সড়ক দূর্ঘটনায় মা নিহত, পুত্রসন্তান আহত

চুয়াডাঙ্গায় ট্রাকের ধাক্কায় মোটরসাইকেল আরোহী মা শিরিনা খাতুন
(৩০) নিহত ও পুত্রসন্তান সোয়াদ আলী (১ বছর) আহত হয়েছে। আজ

রবিবার বেলা ৩টার সদর উপজেলার সরোজগঞ্জ এলাকায় এ দূর্ঘটনা ঘটে। নিহত শিরিনা খাতুন সদর উপজেলা হোগলডাঙ্গা গ্রামের সলক আলীর স্ত্রী।

স্থানীয়রা জানায়, হোগলডাঙ্গা গ্রামের সলক আলী স্ত্রী শিরিনা ও পুত্রসন্তান সোয়াদকে মোটরসাইকেলে নিয়ে চুয়াডাঙ্গার দিক থেকে সরোজগঞ্জের দিকে যাচ্ছিল। এসময় পেছন দিক থেকে আসা একটি দ্রতগামি ট্রাকের ধাক্কায় মাটিতে পড়ে যায় শিরিনা ও সোয়াদ। ট্রাকের চাকায় মা ও সন্তান দুজনই হতাহত হন। চাকায় পিস্ট হয়ে শিরিনার পুরো শরীর থেতলে যায়। এতে ঘটনাস্থলে শিরিনা মারা যান। আহত পুত্রসন্তানকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ দূর্ঘটনায় স্বামী সলক আলী সুস্থ আছেন।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের চিকিৎসক ডা. জুবাইদা জামাল জয়া জানান, আহত পুত্রসন্তান চিকিৎসকের পর্যবেক্ষণে আছে। নিহত শিরিনার লাশ চুয়াডাঙ্গা সদর হাসপাতালের হিমঘরে রাখা হয়েছে। লাশ ময়না তদন্তের জন্য প্রক্রিয়াধীন আছে।

দামুড়হুদা পানিতে ডুবে শিশু রাফিয়ার মৃত্যু

দামুড়হুদার জয়রামপুর পুকুরের পানিতে ডুবে রাফিয়া নামের আড়াই বছরের এক শিশুর মৃত্যু হয়েছে।

আজ রবিবার সকাল ৮ টার দিকে উপজেলার হাউলী ইউনিয়নের জয়রামপুর মাঠপাড়া (নোয়াখালী পাড়ায়) এ ঘটনা ঘটে। নিহত রাফিয়া উপজেলার জয়রামপুর নোয়াখালী পাড়ার রফিকের মেয়ে ।

পরিবার সূত্রে জানা গেছে, নিহত রাফিয়া তার মায়ের আঁচল ধরে বার বার টানে এবং মা মা বলে বাড়ির সামনে বাড়ির উঠানে খেলা করছিল। সে সময় নিহত রাফিয়ার মা উঠান ঝাড়ু দিচ্ছিলো উঠান ঝাড়ু দেওয়ার পর যখন শিশু রাফিয়াকে খুজে পাওয়া যাচ্ছে না, তখন বাড়ির লোকজনের সন্দেহ হলে পুকুরে খোঁজা খুজি করতে থাকে একপর্যায়ে রাফিয়া কে

মৃত্যু অবস্থায় পুকুরের পানি থেকে তোলে।

ধারণা করা হচ্ছে সবার অজান্তে শিশুটি বাড়ির সামনে থাকা পুকুরের পাড়ে শানবাধা সিঁড়িতে বসে খেলা করছিলো খেলা করতে করতে এক পর্যায়ে সিলিপ কেটে পানিতে পড়ে ডুবে যায়।

দামুড়হুদায় জীবন দক্ষতা ও আয় বৃদ্ধিমূলক রিফ্রেসার্স ট্রেনিং অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার লোকনাথপুর গ্রামে জীবন দক্ষতা ও আয় বৃদ্ধিমূলক রিফ্রেসার্স ট্রেনিং অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার সকাল ৯ টার দিকে বেসরকারি সামাজিক উন্নয়ন সংস্থা রিসো’র বাস্তবায়নে, উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের সহযোগিতায়, দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের লোকনাথপুর গ্রামের মাঝেরপাড়া পায়রা সংঘ ক্লাবে।

দুস্থ মহিলা উন্নয়ন কর্মসূচি (ভিজিডি) ২০২১/২২ চক্র, ভিজিডি উপকারভুগী সদস্যদের নিয়ে জীবন দক্ষতা ও আয় বৃদ্ধিমূলক রিফ্রেসার্স ট্রেনিং অনুষ্ঠিত হয়েছে। উক্ত অনুষ্ঠানে ট্রেনার হিসেবে উপস্থিত ছিলেন, রিসো’র ফিল্ড ট্রেনার মিনারুল ইসলাম। তিনি বলেন, জীবন দক্ষতার উপর প্রশিক্ষণ হচ্ছে ব্যক্তিগত স্বাস্থ্য ও পরিষ্কার-পরিচ্ছন্নতা, মা ও শিশু স্বাস্থ্য, খাদ্য ও পুষ্টি, দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা, নারীর ক্ষমতায়ন, এবং এইচআইভি-এইডস সম্পর্কে সচেতন করা। অপরদিকে আয় বৃদ্ধিমূলক প্রশিক্ষণ হচ্ছে, গরু ও ছাগল পালন, দেশি মুরগি হাঁস পালন, উদ্যোক্তা উন্নয়ন, বাড়ির পাশে সবজি চাষ বিষয়ে উদ্বুদ্ধকরণ।

এ ট্রেনিং গুলো পূর্ণাঙ্গ ট্রেনিং হিসেবে পূর্বে অনুষ্ঠিত হয়েছে। যার কারণে আজকে উক্ত বিষয়ের উপর মাসিক রিফ্রেসার্স ট্রেনিং করানো হলো। উপকারভুগী ভিজিডি সদস্যদের উপস্থিতিতে উক্ত

রিফ্রেসার্স ট্রেনিং করানো হয়।

এ সময় উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন পরিষদের ৬নং ওয়ার্ড সদস্য রিকাত আলী, সেভ দ্য ফিউচার ফাউন্ডেশন চুয়াডাঙ্গা জেলা সিনিয়র সহ-সভাপতি রাসেল শাহ সহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ।

দামুড়হুদার জয়রামপুর ইয়ুথ ক্লাব ফুটবল টুর্নামেন্টে রঘুনাথপুর একাদশ ফাইনালে

দামুড়হুদার জয়রামপুর ইয়ুথ ক্লাব ফুটবল টুর্নামেন্টের সেমিফাইনালের দ্বিতীয় ম্যাচ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বিকাল ৪টায় জয়রামপুর ইয়ুথ ক্লাব মাঠে। টুর্নামেন্টের সেমিফাইনাল ম্যাচে মুখোমুখি মাঠে নামে জাফর পুর একাদশ বনাম রঘুনাথপুর একাদশ।

৯০ মিনিটের খেলায় দুই দলই গোল শূন্য ড্র করে। পরে ট্রাইবেকারে ৫-৪ গোলে জাফর পুর একাদশ কে হারিয়ে ফাইনালে রঘুনাথপুর একাদশ। দামুড়হুদার জয়রামপুর ইয়ুথ ক্লাবের সভাপতি জাকির হোসেনের সভাপতিত্বে ম্যাচ শেষে ম্যান অফ দ্যা ম্যাচের পুরষ্কার বিতরণ করা হয়।

জয়রামপুর গ্রাম বাসীর আয়োজনে প্রধান অতিথি এস এম ফারুকের হাত থেকে ম্যাচটির ম্যান অফ দ্যা ম্যাচের পুরষ্কার তুলে দেয়া হয় রঘুনাথপুর একাদশের গোল রক্ষক রিমন কে। প্রধান অতিথি এস এম ফারুক বলেন, আমি মনে করি প্রতিটি শিক্ষার্থী লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা করা অপরিহার্য, খেলাধুলা করিলে শরীর মন সুস্থ ও সবল থাকে। তাই প্রতিটি মানুষের খেলাধুলা করার প্রয়োজন আছে। নিয়মিত খেলাধুলা করিলে শরীরকে রোগবালাই ও মাদকাসক্তি থেকে মুক্ত থাকা যায়।

জয়রামপুর ইয়ুথ ক্লাবের সাধারণ সম্পাদক সাইফুল বিন আহমদের

ব্যবস্থাপনায় এসময় উপস্থিত ছিলেন, ইয়ুথ ক্লাবের উপদেষ্টা আমজাদ মিয়া,আবু বকর সিদ্দিক, নজরুল ইসলাম, জসিম উদ্দিন মনোয়ার, সাবেক ফুটবলার মুন্নাফ হোসেন, সামসুল আলম, গোলাম সরোয়ার ছোটো, আব্দুল মালেক,আলীম মাস্টার, মালেক ভুঁইয়া, ক্রীয়া সম্পাদক রাজীব, স্বপন, রাশেদুল ইসলাম রনি, হাফিজুর, আরিফ, নাজির, মুসা, হাসিবুল, সামসুল হক সহ ক্লাবের সকল সদস্য বৃন্দ সহ গণমান্য ব্যক্তিবর্গ।

ম্যাচটিতে রেফারির দায়িত্ব পালন করেন একরামুল হাসান নিপুন, সহকারী রেফারি ছিলেন তারিকুল ইসলাম ও সুভাষ চন্দ্র বিশ্বাস। ধারাভাষ্যকার ছিলেন, রাশেদ, আজমল ও শামীম খাঁন। খেলাটি স্পন্সর করেন স্টুডেন্ট কর্নার।

দামুড়হুদায় ৮ শহীদ স্মৃতি গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের প্রস্তুতি সভা

দামুড়হুদায় ৮শহীদ স্মৃতি গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বিকেল ৫টার দিকে দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবীর সভাপতিত্বে প্রস্তুতিমূলক সভায় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা ক্রীড়া সংস্থার অতিরিক্ত সেক্রেটারি সেলিম উদ্দিন বগা, দামুড়হুদা আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজের প্রভাষক কুতুব উদ্দিন, সাবেক ফুটবলার হাবিবুর রহমান, সাবেক ফুটবলার ইউসুফ আলী, উপজেলা ক্রীড়া সংস্থার জয়েন্ট সেক্রেটারি বখতিয়ার হোসেন বকুল, নতিপোতা ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোমিনুল ইসলাম মোমিন, জুড়ানপুর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবু তালেব, দামুড়হুদা গার্লস স্কুল এন্ড কলেজে শিক্ষক আব্দুর রাজ্জাক, শিক্ষক সুজাত আলী,

দামুড়হুদা ডিএস দাখিল মাদ্রাসার ক্রীড়া শিক্ষক সৈয়দ মাসুদুর রহমান, দামুড়হুদা সদর ইউনিয়ন যুবলীগের সভাপতি আব্দুল হালিম ভুট্টু, যুবলীগনেতা সন্টু, সাবেক ফুটবলার শরীফ উদ্দীন, উপজেলা ক্রীড়া সংস্থার সদস্য শহিদ আজম সদু, সাবেক ফুটবলার জাকির হোসেন, দামুড়হুদা উপজেলা ছাত্রলীগ নেতা আরজু আহমেদ রাকিব সহ বিভিন্ন সামাজিক ব্যক্তিবর্গ প্রমুখ।

আগামী শনিবার বিকেলে দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে টুর্নামেন্টের বিষয়ে বড় পরিসরে আবারও গুরুত্বপূর্ণ আলোচনা হবে। সে আলোচনা সভায় উপজেলার জনপ্রতিনিধি, ক্রীড়া ব্যক্তিত্ব, রাজনৈতিক নেতৃবৃন্দ, সুশীল সমাজের ব্যক্তিবগদের উপস্থিত থাকার জন্য অনুরোধ করেছেন উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবী।

দামুড়হুদায় জেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান মঞ্জুর শুভেচ্ছা বিনিময়

চুয়াডাঙ্গা জেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান মাহফুজুর রহমান মঞ্জু দামুড়হুদায় দলীয় সমর্থকদের সাথে শুভেচ্ছা বিনিময় করেন।

শনিবার সকাল ১১টার দিকে দামুড়হুদা উপজেলা শহরের শহিদুল মার্কেটে আওয়ামী যুবলীগের নেতা কর্মী ও পথচারীদের সাথে সাক্ষাৎ ও শুভেচছা বিনিময় করেন।

শুভেচ্ছা বিনিময় শেষে তিনি দামুড়হুদা সদরের বিভিন্ন প্রবীণ রাজনৈতিক ব্যক্তিদের বাড়িতে বাড়িতে গিয়ে খোঁজ খবর নেন। এসময় উপস্থিত ছিলেন আওয়ামীলীগ, যুবলীগ, ছাত্র লীগের বিভিন্ন পর্যায়ের নেতা কর্মী বৃন্দ।

চুয়াডাঙ্গা আদালত চত্বর থেকে পলাতক আসামি আজিজুল ঢাকা থেকে গ্রেফতার

চুয়াডাঙ্গা আদালত চত্বর থেকে পলাতক ডাকাতি, দস্যুতা, চুরি, খুনসহ দেড় ডজন মামলার আসামি আজিজুল শেখকে ঢাকা ধামরাই এলাকা থেকে গ্রেফতার করা হয়েছে।

আজ সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা পুলিশ সুপার আবদুল্লাহ্ আল-মামুন প্রেস ব্রিফিংয়ের মাধ্যমে বিষয়টি নিশ্চিত করেন।

চুয়াডাঙ্গা সদর থানাধীন জেলা প্রশাসকের কার্যালয়ের পশ্চিম পার্শ্বের রাস্তায় চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের ৩য় বাউন্ডারির গেটের সামনে হতে গত ১৬ অক্টোবর সকাল ০৯:৪০ এর সময় আসামি মোঃ আজিজুল শেখ (৩৯)-কে চুয়াডাঙ্গা জেলা কারাগার হতে প্রিজান ভ্যানে নিয়ে এসে উক্ত স্থানে নামালে কৌশলে হাতকড়া হতে হাত বের করে পুলিশ হেফাজত থেকে পালিয়ে যায়। উক্ত ঘটনা সংক্রান্তে কোর্ট ইন্সপেক্টর কে, এম জাহাঙ্গীর কবীর বাদী হয়ে মোঃ আজিজুল শেখ (৩৯), পিতা-মৃত ফজল শেখ, মাতা-মোছাঃ ফাতেমা খাতুন, সাং- জলিরপাড়, গুচ্ছগ্রাম (আশ্রয়কেন্দ্র ঘর নং-২২), থানা-মুকসুদপুর, জেলা-গোপালগঞ্জ এর বিরুদ্ধে চুয়াডাঙ্গা সদর থানায় নিয়মিত মামলা দায়ের করেন।

উক্ত ঘটনার প্রেক্ষিতে চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের দিক-নির্দেশনায় ডিবি পুলিশের একাধিক টিম একযোগে তদন্ত কার্যক্রম শুরু করে।

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ মোঃ আলমগীর কবীর চুয়াডাঙ্গা সহ ডিবি ও সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল, চুয়াডাঙ্গার চৌকস টিম এসআই(নিঃ) সোহেল রানা, এসআই(নিঃ) মোহাম্মদ শিহাব উদ্দিন, এসআই(নিঃ) মোঃ রাশিদুল হাসান, এসআই(নিঃ) মুহিদ হাসান, এএসআই(নিঃ) শ্রী রমেন কুমার সরকার প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার করে, নিরলস প্রচেষ্টায় অভিযান

পরিচালনা করে অত্র মামলার আসামি মোঃ আজিজুল শেখ (৩৯)-কে ঢাকার ধামরাই হতে গ্রেফতার করে।

চুয়াডাঙ্গা জেলা পরিষদ নির্বাচনে আওয়ামী লীগ প্রার্থী মঞ্জু বিজয়ী

চুয়াডাঙ্গা জেলা পরিষদের নির্বাচনে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী মাহফুজুর রহমান মঞ্জু ৬৩ ভোট বেশি পেয়ে বেসরকারিভাবে চেয়ারম্যান হিসেবে নির্বাচিত হয়েছেন। সোমবার সকাল জেলার ৪ টি ভোট কেন্দ্রে এ ভোট অনুষ্ঠিত হয়।

সোমবার অনুষ্ঠিত নির্বাচনে আওয়ামী লীগের মনোনীত প্রার্থী মাহাফুজুর রহমান মুঞ্জ মোটরসাইকেল মার্কায় চুয়াডাঙ্গা সদর উপজেলায় ৫৬, জীবননগর উপজেলায় ৮৬, দামুড়হুদা উপজেলায় ৯০ ও আলমডাঙ্গা উপজেলায় ৯০ ভোটসহ মোট ৩১২ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। তাঁর নিকটতম প্রতিন্বন্দী চুয়াডাঙ্গা জেলা যুবলীগের সাবেক আহ্বায়ক আরিফিন আলম রঞ্জু ঘোটা প্রতিকে চুয়াডাঙ্গা সদর উপজেলায় পেয়েছেন ৬১ ভোট। এ ছাড়া জীবননগর উপজেলায় পেয়েছেন ৩০, দামুড়হুদা উপজেলায় ২৮ ভোট ও আলমডাঙ্গা উপজেলায় ১৩০ সহ সর্বমোট ২৪৯ ভোট পেয়েছেন।

এদিকে চুয়াডাঙ্গা জেলা পরিষদ নির্বাচনে ৪ নম্বর ওয়ার্ডে (জীবননগর উপজেলা) সদস্য পদে ৬৩ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন মোসাবুল ইসলাম লিটন। তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী কবির আহম্মদ পেয়েছেন ৪০। এ ছাড়া সদস্য পদে মিতা খাতুন পেয়েছেন ১৪ ভোট।

সকাল ৯টা থেকে বেলা ২টা পর্যন্ত ইভিএম-এ এই ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। জীবননগর উপজেলা নির্বাচন কর্মকর্তা মো. মেজর আহাম্মেদ বলেন, সুষ্ঠুভাবে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়েছে। কোনো অপ্রীতিকর ঘটনা ঘটেনি। ৪ নম্বর ওয়ার্ডে সদস্য পদে ৬৩ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন মোসাবুল ইসলাম লিটন।

এদিকে ৩ নম্বর ওয়ার্ডে (দামুড়হুদা উপজেলা) সদস্য পদে ৫৭ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন সিরাজুল ইসলাম। তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী শফিউল কবির পেয়েছেন ৩৮ ভোট। এ ছাড়া সদস্য পদে লস্কর আলী পেয়েছেন ২৩ ভোট।

এদিকে সংরক্ষিত সদস্য পদে ৩ ও ৪ নম্বর ওয়ার্ডে ৯৬ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন কহিনুর বেগম। তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী শিরিনা পারভিন পেয়েছেন ৮৬ ভোট।